গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩৩৪৯ তারিখ: ৩০/১০/২০২৩ খ্রি.

**বিষয়: ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়ন বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সংশোধিত নির্দেশনা ও সময়সূচি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: এনটিবি'র স্মারক নং- শিউ/কাউশিই/৬৮/২০০২ইং (পার্ট-১)/২৪৯৭; তারিখ: ২৯ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রে এনসিটিবি কর্তৃক ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনার জন্য সংশোধিত নির্দেশনা ও সময়সূচি প্রদান করা হয়েছে। নির্দেশনাগুলো নিম্নরূপ-

১. আগামী ১লা ডিসেম্বর ২০২৩ থেকে সারাদেশের মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ কার্যক্রম আগামী ৮'ই নভেম্বর পর্যন্ত চলবে। সে কারণে বার্ষিক সামষ্টিক মূল্যায়ন পূর্ব নির্ধারিত ০৫/১১/২০২৩ (রবিবার) তারিখের পরিবর্তে ০৯/১১/২০২৩ তারিখ থেকে শুরু হবে;
২. এমতাবস্থায়, ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনার জন্য বিস্তারিত নির্দেশনা পূর্বনির্ধারিত ২৯/১০/২০২৩ (রবিবার) তারিখের পরিবর্তে ০৫/১১/২০২৩ (রবিবার) তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে;
৩. নির্দেশনা মোতাবেক সকল বিষয়ে বার্ষিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনা করতে হবে এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশনাতে পরবর্তী শ্রেণিতে উত্তরণের নীতিমালা সংযুক্ত থাকবে;
৪. শিক্ষার্থীর পারদর্শিতার রিপোর্ট কার্ডটি প্রদানের সময় অভিভাবকদেরকে আমন্ত্রণ জানিয়ে শিক্ষার্থীদের অর্জিত পারদর্শিতার পর্যায় সম্পর্কে অবহিত করতে হবে;
৫. আগামী ১লা ডিসেম্বর থেকে ১৫'ই ডিসেম্বর ২০২৩ পর্যন্ত শিক্ষকগণ প্রশিক্ষণ গ্রহণে ব্যস্ত থাকবেন বিধায় ৩০শে নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে বার্ষিক সামষ্টিক মূল্যায়নের সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে;
৬. **মূল্যায়ন পরিচালনা করবার জন্য পুন:প্রণয়নকৃত সময়সূচি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।**

এমতাবস্থায়, এনসিটিবি কর্তৃক প্রেরিত উপরোক্ত সংশোধিত নির্দেশনাগুলি যথাযথ প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০/১০/২০২৩

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮
addshesecondary2@gmail.com

**বিতরণ:**
১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
উলিপুর,কুড়িগ্রাম।
seo.ulipur.kurigram.gov.bd

স্মারক নং -উমাশিঅ/উলি/কুড়ি/২০২৩/২২৫ তারিখঃ ১৫ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ৩১ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হল।

১. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সকল)........................................................উলিপুর, কুড়িগ্রাম। (পত্রের নির্দেশনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
৪. অফিস কপি।

(মুহঃ মাহতাব হোসেন)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উলিপুর,কুড়িগ্রাম।
email- useo_ulipur@yahoo.com

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন সময়সূচি ২০২৩

| তারিখ ও বার | ষষ্ঠ শ্রেণি | | | সপ্তম শ্রেণি | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | প্রথম সেশন (৯০ মিনিট) | দ্বিতীয় সেশন (৯০ মিনিট) | তৃতীয় সেশন (৯০ মিনিট) | প্রথম সেশন (৯০ মিনিট) | দ্বিতীয় সেশন (৯০ মিনিট) | তৃতীয় সেশন (৯০ মিনিট) | |
| | বিষয় | | | বিষয় | | | |
| ০৯/১১/২০২৩ বৃহস্পতিবার | বিজ্ঞান | ধর্ম (সকল) | ডিজিটাল প্রযুক্তি | গণিত | জীবন ও জীবিকা | বাংলা | মূল্যায়ন: প্রথম দিন ও দ্বিতীয় দিন |
| ১১/১১/২০২৩ শনিবার | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | শিল্প ও সংস্কৃতি | বাংলা | ইংরেজি | স্বাস্থ্য সুরক্ষা | ডিজিটাল প্রযুক্তি | |
| ১৩/১১/২০২৩ সোমবার | গণিত | স্বাস্থ্য সুরক্ষা | জীবন ও জীবিকা | বিজ্ঞান | ধর্ম (সকল) | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | |
| ১৪/১১/২০২৩ মঙ্গলবার | ইংরেজি | ধর্ম (সকল) | ডিজিটাল প্রযুক্তি | গণিত | শিল্প ও সংস্কৃতি | জীবন ও জীবিকা | |
| ১৫/১১/২০২৩ বুধবার | বিজ্ঞান | শিল্প ও সংস্কৃতি | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | ডিজিটাল প্রযুক্তি | স্বাস্থ্য সুরক্ষা | বাংলা | |
| ১৬/১১/২০২৩ বৃহস্পতিবার | গণিত | স্বাস্থ্য সুরক্ষা | বাংলা | ইংরেজি | ধর্ম (সকল) | বিজ্ঞান | |
| ১৮/১১/২০২৩ শনিবার | ইংরেজি | জীবন ও জীবিকা | ছুটি | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | শিল্প ও সংস্কৃতি | (ছুটি) | |
| | | | | | | | |
| ১৯/১১/২০২৩ রবিবার | ডিজিটাল প্রযুক্তি | | | বাংলা | | | মূল্যায়ন: তৃতীয় দিন |
| ২০/১১/২০২৩ সোমবার | ধর্ম (সকল) | | | জীবন ও জীবিকা | | | |
| ২১/১১/২০২৩ মঙ্গলবার | বিজ্ঞান | | | গণিত | | | |
| ২২/১১/২০২৩ বুধবার | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | | | স্বাস্থ্য সুরক্ষা | | | |
| ২৩/১১/২০২৩ বৃহস্পতিবার | শিল্প ও সংস্কৃতি | | | ইংরেজি | | | |
| ২৬/১১/২০২৩ রবিবার | বাংলা | | | ডিজিটাল প্রযুক্তি | | | |
| ২৭/১১/২০২৩ সোমবার | জীবন ও জীবিকা | | | ধর্ম (সকল) | | | |
| ২৮/১১/২০২৩ মঙ্গলবার | গণিত | | | বিজ্ঞান | | | |
| ২৯/১১/২০২৩ বুধবার | স্বাস্থ্য সুরক্ষা | | | শিল্প ও সংস্কৃতি | | | |
| ৩০/১১/২০২৩ বৃহস্পতিবার | ইংরেজি | | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | | | |